দৈনিক ইত্তেফাক

৯৮

তারিখ ... JUL 12 1999

পৃষ্ঠা ২ কলাম ৪

# গাজীপুর বিআইটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা

গাজীপুর সংবাদদাতা ॥ গাজীপুরস্থ বাংলাদেশ ইনষ্টিটিউট অব টেকনোলজির (বিআইটি) ৫ জন ছাত্রলীগ ও ২ জন ছাত্রদল নেতার বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবীতে গতকাল (রবিবার) বিক্ষুব্ধ ছাত্ররা ইনষ্টিটিউটের একাডেমিক ভবনে হামলা চালাইয়া ব্যাপক ভাংচুর করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ ২০/২২ রাউন্ড রাবার বুলেট নিক্ষেপ করিলে অন্ততঃ ৮ জন ছাত্র আহত হয়। ইনষ্টিটিউট কর্তৃপক্ষ অনির্দিষ্টকালের জন্য ইনষ্টিটিউট বন্ধ ঘোষণা এবং গতকাল (রবিবার) সন্ধ্যা ৭টার মধ্যে ছাত্র-ছাত্রীদের হল ত্যাগের নির্দেশ দেন। ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করিতেছে। অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হইয়াছে।